



বাংলাদেশ বেসামরিক বিমান চলাচল কর্তৃপক্ষ
কুর্মিটোলা, ঢাকা-১২২৯
www.caab.gov.bd



নথি নং-৩০.৩১.০০০০.২৩১.০৬.০০১.১৭

২২০

“ইজারা দরপত্র বিজ্ঞপ্তি”

তারিখঃ ১৭/০৪/২০২২ খ্রিঃ

হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সিএটিসি স্টাফ ক্যান্টিন সংলগ্ন ৬৪ বর্গফুট আয়তনের স্ন্যাক্স ও কোল্ড ড্রিংস বিক্রয়ের দোকান হিসাবে পরিচালনার জন্য ইজারা গ্রহণে ইচ্ছুক ব্যক্তি/ প্রতিষ্ঠান/ সংস্থার নিকট হতে নিম্নবর্ণিত শর্তে দরপত্র আহ্বান করা যাচ্ছেঃ

ক্রমিক নং	বিবরণ	পরিমাপ (বর্গফুট)	অবস্থান
০১।	হশাআবি'র সিএটিসি স্টাফ ক্যান্টিন সংলগ্ন স্ন্যাক্স ও কোল্ড ড্রিংস এর দোকান	৬৪ বর্গফুট	হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের সিএটিসি স্টাফ ক্যান্টিন সংলগ্ন ৬৪ বর্গফুট আয়তনের স্ন্যাক্স ও কোল্ড ড্রিংস বিক্রয়ের দোকান।
০২।	ইজারার মেয়াদ	:	ইজারা স্থল হস্তান্তরের তারিখ হতে নবায়নের শর্তে প্রাথমিকভাবে ০৩(তিন) বছর (আর্থিক সন বিবেচনায়)।
০৩।	প্রতি সেট ইজারা দরপত্রের মূল্য	:	৫০০/- (পাঁচশত) টাকা+ভ্যাট (অফেরতযোগ্য)।
০৪।	নির্ধারিত আর্নেস্টম্যানি	:	আর্নেস্টম্যানি হিসেবে বাংলাদেশের যে কোন তফশীলি ব্যাংক হতে বার্ষিক উদ্ধৃত দরের ১০% (শতকরা দশ ভাগ) হারে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নির্বাহী পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা'র অনুকূলে জমা করে ইজারা দরপত্রের সহিত দাখিল করতে হবে। অন্যথায় দরপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।
০৫।	কর্তৃপক্ষের ন্যূনতম গড় ইজারামূল্য(বার্ষিক)	:	২,৬১,৬৩৭/- (দুই লক্ষ একষট্টি হাজার ছয়শত সীইত্রিশ) টাকা।
০৬।	দরপত্র বিক্রয়ের স্থান	:	অফিস চলাকালীন সময়ে নিম্নবর্ণিত স্থানসমূহ হতে ইজারা দরপত্র সিডিউল ক্রয় করা যাবেঃ (ক) পিএ টু সদস্য (পরিঃ ও পরিঃ), সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (খ) পিএ টু প্রধান প্রকৌশলী, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (গ) নির্বাহী পরিচালক, হশাআবি'র, হিসাব/রাজস্ব শাখা। (ঘ) হিসাব শাখা, সিএএবি, সদর দপ্তর, ঢাকা। (ঙ) প্রশাসন (সম্পত্তি) শাখা, সিএএবি, সদর দপ্তর, ঢাকা।
০৭।	ইজারা দরপত্র বিক্রয়ের শেষ তারিখ ও সময়	:	১০/০৫/২০২২খ্রিঃ অফিস চলাকালীন সময়।
০৮।	ইজারা দরপত্র দাখিলের স্থান, তারিখ ও সময়	:	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি তারিখঃ ১১/০৫/২০২২খ্রিঃ সময়ঃ ১২:০০ ঘটিকা পর্যন্ত।
০৯।	ইজারা দরপত্র খোলার স্থান, তারিখ ও সময়	:	পরিচালক (প্রশাসন) এর দপ্তর, ৬ষ্ঠ তলা (5 th Floor), নবনির্মিত সদর দপ্তর, সিএএবি তারিখঃ ১১/০৫/২০২২খ্রিঃ, বেলা-১২:৩০ ঘটিকায় দরদাভাগণ অথবা তাদের প্রতিনিধির সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) ইজারা দরপত্র খোলা হবে।

অন্যান্য শর্তাবলীঃ (ক) ব্যক্তি/নিজ সংস্থা/প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে ইজারা দরপত্র ক্রয়ের জন্য আবেদন করতে হবে। (খ) সীলমোহরকৃত খামের উপর কাজের নাম সুস্পষ্টভাবে লিখে ইজারা দরপত্র দাখিল করতে হবে। (গ) ইজারা দরপত্রের শর্তাবলী প্রযোজ্য হবে। (ঘ) অনিবার্য কারণবশতঃ অফিস বন্ধ থাকলে পরবর্তী প্রথম কার্য দিবসে একই সময়ে দরপত্র অনুষ্ঠিত হবে। (ঙ) কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে ইজারা দরপত্র গ্রহন বা আংশিক বাতিল অথবা সম্পূর্ণ ইজারা দরপত্র বাতিল করার সর্বময় ক্ষমতা সংরক্ষণ করে। (চ) বিস্তারিত শর্তাবলী দরপত্র সিডিউল হতে জানা যাবে, এছাড়া সিএএবি'র ওয়েবসাইট (www.caab.gov.bd) হতে বিস্তারিত জানা যাবে।

(ইসরাত জাহান শীমা)
উপপরিচালক (সম্পত্তি ব্যবস্থাপনা)